ডুমুরিয়ায় ৯৩ দিনেও জমি দখল পুনরুদ্ধারের মামলা নিষ্পত্তি হয়নি, ইউএনওর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা নেওয়ার আবেদন দায়ের

লেখক: প্রকাশক | প্রকাশিত: 18 November 2026, 01:36 PM | বিভাগ: সারাদেশ



খুলনার ডুমুরিয়ায় অবৈধ দখল পুনরুদ্ধারের একটি মামলা নির্ধারিত ৯০ দিনের বেশি সময় ধরে নিষ্পত্তি না করায় উপজেলা নির্বাহী অফিসারের (ইউএনও) বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ ও মামলাটি অন্য আদালতে হস্তান্তরের আবেদন করা হয়েছে। গত ১৫ নভেম্বর খুলনা বিভাগীয় কমিশনার বরাবর এই লিখিত অভিযোগ দায়ের করেন ডুমুরিয়া উপজেলার গুটুদিয়া এলাকার বাসিন্দা সরদার সেলিম হোসেন।

অভিযোগ সূত্রে জানা যায়, ভূমি অপরাধ প্রতিরোধ ও প্রতিকার আইন, ২০২৩ অনুযায়ী অবৈধ দখল পুনরুদ্ধারের জন্য সরদার সেলিম হোসেন গত ৫ জুলাই খুলনা জেলা ম্যাজিস্ট্রেটের বরাবর একটি আবেদন করেন। পরবর্তীতে জেলা প্রশাসকের কার্যালয় থেকে ৬ আগস্ট মামলাটি বিচার ও নিষ্পত্তির জন্য ডুমুরিয়া উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে পাঠানো হয়, যা ১৩ আগস্ট সেখানে পৌঁছায়।

আবেদনকারীর অভিযোগ, মামলাটি গ্রহণের পর তিনি বারবার ইউএনও’র সাথে যোগাযোগ করলে ন্যায়বিচার ও নোটিশ জারির আশ্বাস দেওয়া হয়। এমনকি অফিস সহকারীর পক্ষ থেকে নোটিশ প্রস্তুত

করে ইউএনও’র টবেলিে পাঠানোর কথা জানানো হলওে দীর্ঘ তনি মাসওে তাতে স্বাক্ষর করা হয়নি। অভযিোগে আরও উল্লখে করা হয়, দখলদারগণ বষিয়টি জানতে পরেে যোগাযোগ করার পর থকেইে মামলার কার্যক্রমে রহস্যজনকভাবে স্থবরিতা সৃষ্টি হয়ছে।ে

গত ১৩ আগস্ট থকেে ১৫ নভম্বের পর্যন্ত মোট ৯৩ দনি অতবিাহতি হলওে কোনো পদক্ষপে না নওেয়ায় তা ভূমি অপরাধ প্রতরিোধ ও প্রতকিার আইনরে ৮(৪) ও ৮(৬) ধারার সুস্পষ্ট লঙ্ঘন এবং সরকারি কর্মচারী বধিমিালা অনুযায়ী কর্তব্য পালনে অবহলোর শামলি বলে আবদেনে দাবি করা হয়ছে।ে এমতাবস্থায় ভুক্তভোগী সরদার সলেমি হোসনে বষিয়টি তদন্তপূর্বক ডুমুরয়িা ইউএনও’র বরিুদ্ধে বভিাগীয় ব্যবস্থা গ্রহণ এবং ন্যায়বচিাররে স্বার্থে মামলাটি অন্য কোনো বজি্ঞ নর্বিাহী ম্যাজস্ট্রটেরে নকিট হস্তান্তররে দাবি জানয়িছেনে। অভযিোগরে অনুলপিি জনপ্রশাসন মন্ত্রণালয় ও ভূমি মন্ত্রণালয়রে সচবি এবং খুলনা জলো প্রশাসক বরাবরও পাঠানো হয়ছে।ে এ বষিয়ে ডুমুরয়িা উপজলো নর্বিাহী কর্মকর্তা (ইউএনও) সবতিা সরকাররে যানতে চাইলে তনিি বলনে, মামলাটরি শুনানরি জন্য এজলাস না থাকায় জলো প্রশাসক কার্যালয়ে মতামতরে জন্য আবদেন পাঠানো হয়ছে।ে জলো প্রশাসন থকেে মামলাটরি পরবর্তি কার্যক্রমরে নর্দিশেনা পলেইে শুনানী অনুষ্ঠতি হব।ে

© 2026 আপনার নউিজ পোর্টাল। সর্বস্বত্ব সংরক্ষতি।
এই প্রতবিদেনটি আমাদরে ওয়বেসাইট থকেে ডাউনলোড করা হয়ছে।ে